# বিকেএসপি-মহিলা ক্রীড়া সংস্থা সমঝোতা স্মারক

**ক্রীড়া প্রতিবেদক,** *ঢাকা*

বাংলাদেশের খেলাধুলার ইতিহাসে প্রথমবারের মতো বাংলাদেশ ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠান (বিকেএসপি) ও মহিলা ক্রীড়া সংস্থার মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। গতকাল স্বাক্ষরিত এই স্মারক অনুযায়ী, বিকেএসপি ও মহিলা ক্রীড়া সংস্থা যৌথভাবে মেয়েদের ফুটবল, ক্রিকেট, টেবিল টেনিস, সাঁতার ও জিমন্যাস্টিকসের ফাউন্ডেশন ট্রেনিং কোর্স করাবে। ফাউন্ডেশন এই ট্রেনিংয়ের মূল লক্ষ্য তৃণমূল পর্যায়ের নারীদের বিভিন্ন খেলায় অংশগ্রহণ ও সাফল্য নিশ্চিত করা। বিকেএসপির পক্ষে সমঝোতা স্মারকে সই করেছেন প্রতিষ্ঠানটির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. মনিরুল ইসলাম এনডিসি, পিএইচডি, মহিলা ক্রীড়া সংস্থার পক্ষে সংগঠনটির সভানেত্রী ব্যারিস্টার সারওয়াত সিরাজ শুক্লা। ধানমন্ডিতে মহিলা ক্রীড়া সংস্থার কার্যালয়ে সমঝোতা স্বাক্ষর অনুষ্ঠানে এ সময় আরও উপস্থিত ছিলেন বিকেএসপির প্রশিক্ষণ পরিচালক কর্নেল মো. গোলাম মাবুদ হাসান পিএসজি।